

### সময় এখন

সময় এখন যার যে রকম  
হিঁপে শাকের ফুল,  
বনলতা এলো চুলে  
টেরাকোটার দুল।

তোমার জন্য সময় যখন  
আমার জন্য ভুল,  
বসার জন্যে লাফাজ সিমেন্ট  
হাসার জন্য স্ফুল।

সময় এখন বেজায় দামী  
প্রিপেড কার্ডে ফ্রি,  
ই-মেল দিলেন হিমেল হাওয়ায়  
বোবায় পেডিগ্রি।

সার্বজনীন মগের মুলুক  
আতঙ্ক নির্ভুল,  
আজান এবং ওঁকারেতে  
দিগন্ত মশঃগুল্।

সময় এখন জবর দখল  
কেবল টিভির ফাঁদে,  
মামা-মাসী লৌকিকতা  
ওভেন পেলে রাঁধে।

প্রেম দিবসে ভ্যালেন্টাইন  
ষষ্ঠীপূজোয় কার্ড,  
বাঞ্ছারামের জিন থেরাপি  
ক্লোনড লেডিবার্ড।

এখন সময় আমার ‘এ্যাময়’  
ফেরিঅলার বাঁশি,  
ফ্লেক্সিবল্ডে ঝিঅয়ান  
ফ্রোজেন তোমার হাসি।

যখন সময় হটেলায়  
নাগর দোলায় চড়া,  
সময় না হোক অসময়েই।  
একটু ফিরে দাঁড়া।

সু মিত মুখোপাধ্যায়

